# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২৬

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. তায়াম্মুম (মাটির সাহায্যে পবিত্রতা অর্জন) - নাবী (ﷺ) ও তার উম্মতের বিশেষ কিছু বৈশিষ্ট্য, তন্মধ্যে তায়াম্মুম

আরবী

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا; أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «أُعْطِيتُ خَمْسًا لَمْ يُعْطَهُنَّ أَحَدٌ قَبْلِي: نُصِرْتُ بِالرُّعْبِ مَسِيرَةَ شَهْرٍ, وَجُعِلَتْ لِي الْأَرْضُ مَسْجِدًا وَطَهُورًا, فَأَيُّمَا رَجُلٍ أَدْرَكَتْهُ الصَّلَاةُ فَلْيُصَلِّ». وَذَكَرَ الْحَدِيثَ

صحيح. رواه البخاري (335)، ومسلم (521) وتمامه: «وأحلت لي المغانم ولم تحل لأحد قبلي، وأعطيت الشفاعة، وكان النبي يبعث إلى قومه خاصة، وبعثت إلى الناس عامة» والسياق للبخاري. تنبيه: هكذا الحديث في الأصل دون ذكر من أخرجه وكتب بالهامش: لعله سقط متفق عليه

বাংলা

১২৬। জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমাকে এমন পাঁচটি বিষয় দান করা হয়েছে, যা আমার পূর্বে কাউকেও দেওয়া হয়নি।

(১) আমাকে এমন প্রভাব দিয়ে সাহায্য করা হয়েছে যে, একমাস দূরত্বেও তা প্রতিফলিত হয়;

(২) সমস্ত যমীন আমার জন্য পবিত্র ও সালাত আদায়ের উপযোগী করা হয়েছে। কাজেই আমার উম্মতের যে কোন লোক ওয়াক্ত হলেই সালাত আদায় করতে পারবে যে কোন স্থানে। অতঃপর রাবী পূর্ণ হাদীসটি বর্ণনা করলেন।[1]

## English

Narrated Jabir bin 'Abdullah (RAA):
The Prophet (ﷺ) said: "I have been given five things which were not given to anyone else before me. Allah made me victorious by awe (of frightening my enemies) for a distance of one month's journey. The earth has been made for me (and my followers) a place for praying and something with which to perform Tayammum (to purify oneself for prayer). Therefore, anyone (of my followers) can pray (anywhere) and at any time that the Salat (prayer) is due."

### ফুটনোট

[1] বুখারী ৩৩৫, মুসলিম ৫২১ পরিপূর্ণ হাদিসটি হচ্ছেঃ وأحلت لي المغانم ولم تحل لأحد قبلي، وأعطيت الشفاعة، وكان النبي يبعث إلى قومه خاصة، وبعثت إلى الناس عامة “আমার জন্য গনীমতের মাল হালাল করা হয়েছে যা আমার পূর্বে কোন (নবীর জন্য) করা হয়নি। আমাকে শাফায়াতের অধিকার দেয়া হয়েছে। প্রত্যেক নবীগণ তাঁদের নির্দিষ্ট জাতির উপর নাযিল হতেন। অথচ আমি সাধারণভাবে সকল মানুষের প্রতি প্রেরিত হয়েছি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69937

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন